দৈনিক ইত্তেফাক

তারিখ ... FEB 17 1999 ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৫ ...

৪৫

# বরগুনায় মাধ্যমিক শিক্ষাঙ্গনে লেখাপড়া বিঘ্নিত

বরগুনা (দক্ষিণ) সংবাদদাতা ।। জেলার ৫টি থানার ১৩৩টি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে বিভিন্ন সমস্যা বিরাজ করায় ছাত্র ছাত্রীদের লেখা পড়া ব্যাহত হইতেছে।

অনেক বিদ্যালয় গৃহ সংস্কার বিহীন জরাজীর্ণ। কোন খেলার মাঠ নাই। মানবিক ও বিজ্ঞান বিভাগের শিক্ষার প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতি নাই। প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের কক্ষ সমস্যা, ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় বেঞ্চার অভাব ইত্যাদি সমস্যা রহিয়াছে। লাইব্রেরী নাই। ইহা ছাড়া ম্যানেজিং কমিটির সহিত শিক্ষক মণ্ডলীর মধ্যে সুসম্প-

(৫ম পৃঃ দ্রঃ)

## বরগুনায় মাধ্যমিক

(৩য় পৃঃ পর)

র্কের অভাবে গ্রামের বিদ্যালয়গুলিতে শিক্ষার পরিবেশ বিঘ্নিত হইতেছে।

গ্রাম গঞ্জের মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় গুলি স্থানীয় লোকজনের সহযোগীতায় প্রথম চালু করা হইলে পরবর্তীতে বিভিন্ন দলা দলির কারণে স্থানীয় লোকজনের বিদ্যালয় উন্নয়নের প্রতি তেমন আগ্রহ থাকে না ম্যানেজিং কমিটির সহিত শিক্ষকদের সুসম্পর্ক থাকে না। ফলে বিদ্যালয়ের শিক্ষক মণ্ডলী ইচ্ছা মাফিক শিক্ষা দিয়া থাকেন। এই সকল বিদ্যালয়ের শিক্ষকদের সকলেরই বাড়ী বিদ্যালয় সংলগ্ন গ্রামে। বিভিন্ন সমস্যার কারণে গ্রামগঞ্জের ছেলে মেয়েদের লেখা-পড়া ব্যাহত হইতেছে।